আজকের কাগজ

তারিখ ... 04 JUL 1995 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

174

# ২০ জন মেধাবী ছাত্রের অনিশ্চিত শিক্ষাজীবনের জন্যে খালেদা জিয়াই দায়ী

—ছাত্রলীগ

বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি এনামুল হক শামীম এবং সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০ জন মেধাবী ছাত্রের ভর্তি প্রসঙ্গ নিয়ে প্রধানমন্ত্রী খালেদা জিয়া যে মন্তব্য করেছেন তাকে অজ্ঞানতা প্রসূত এবং উদ্দেশ্যমূলক বলে আখ্যায়িত করেন।

বিবৃতিতে তারা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পূর্ব নির্ধারিত ভর্তি পরীক্ষার দিন মেধাবী ছাত্রদের পদক বিতরণের সিদ্ধান্ত নিয়ে প্রধানমন্ত্রী বিশ্ববিদ্যালয়কে সম্পূর্ণ অবজ্ঞা করেছেন এবং তার এ অপরিণামদর্শী তোঘলকী সিদ্ধান্তের শিকার হয়েছেন মেধাবী ছাত্ররা।

বিবৃতিতে তারা আরো বলেন, প্রধানমন্ত্রী তার নিজ সৃষ্ট সমস্যাকে আজ অন্যের ঘাড়ে চাপানোর অসৎ চেষ্টা করছেন যা তার হীন রাজনৈতিক দূরভিসন্ধির পরিচায়ক।

বিবৃতিতে ছাত্রলীগ নেতারা বলেন যে, জাতীয়তাবাদী ছাত্রদল আজ মেধাবী ছাত্র ধ্বংসের মেশিন হিসেবে পরিচিত সে দলের নেত্রীর মুখে মেধাবী ছাত্রদের জন্য এ মায়াকান্না বেমানান। খবর বিজ্ঞপ্তি।